



আওয়ামী পটভূমির কর্মীরা এনসিপিতে আসতে পারবে না: সারজিস



সংগৃহীত ছবি

অভ্যুত্থানের আগে আওয়ামী লীগ ও তার সহযোগী সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন এমন কেউ জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-তে যোগ দিতে পারবেন না বলে জানিয়েছেন দলটির উত্তরাঞ্চলীয় মুখ্য সংগঠক সারজিস আলম।

তিনি বলেন, “এনসিপি এমন একটি রাজনৈতিক প্ল্যাটফর্ম, যেখানে শুধুমাত্র নীতিবান ও জনগণের স্বার্থে কাজ করতে আগ্রহী মানুষদের স্থান আছে। অন্য দলের সৎ ও যোগ্য ব্যক্তির চাইলে এখানে আসতে পারেন, তবে ব্যক্তি-স্বার্থের রাজনীতির কোনো জায়গা এখানে নেই।”

শুক্রবার (২৪ অক্টোবর) সন্ধ্যায় রাজধানীর পরিবাহের আবু সাইদ কনভেনশন হলে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের এনসিপি সমন্বয় সভায় তিনি এসব কথা বলেন।

সারজিস আলম আরও বলেন, “যারা মনে করেন এই দলে এসে ব্যক্তিগত স্বার্থ বা সুবিধা আদায় করবেন, তারা ভুল জায়গায় এসেছেন। এনসিপি তার আদর্শ ও নীতিতে অবিচল থাকবে, কাউকে খুশি করতে নয়।”

দলীয় নেতাকর্মীদের উদ্দেশে তিনি সতর্ক করে বলেন, “নিজে এগিয়ে যাওয়ার জন্য অন্যকে টেনে ধরার প্রবণতা পরিহার করতে হবে। অভিযোগ বা বিভাজনের রাজনীতি নয়, আমরা ঐক্য ও শৃঙ্খলাকে অগ্রাধিকার দেব।”

ভবিষ্যৎ পরিকল্পনা প্রসঙ্গে সারজিস বলেন, “এনসিপি যদি জুলাই আন্দোলনের আকাঙ্ক্ষা ও জনগণের বিশ্বাস ধরে রাখতে পারে, তাহলে আগামী দুই বছরের মধ্যে এটি বাংলাদেশের সবচেয়ে গ্রহণযোগ্য রাজনৈতিক দলে পরিণত হবে।”